

অনঙ্গ শূন্যতায় ওড়াওড়ি

শাদা পৃষ্ঠার সাথে জন্ম-জন্মান্তরের সখ্য আমাদের  
মনোভূমি জুড়ে শূন্য হাহাকার  
অগ্নি ও জলের মিথস্ক্রিয়া  
কেমন হাত ধরে যাচ্ছে সকালের রৌদ্র হাওয়ার  
তেপান্তরের জলরাশি আছড়ে পড়ে  
দ্বৈত সত্তায়  
অথচ জলাতঙ্ক ভয়, এলিয়েনেশন উদ্বেগ  
প্রবল তৃষ্ণায় ক্ষরিত হৃদপিণ্ড  
পাহাড়চূড়ো থেকে পুত্পবৃষ্টি জানায় স্বাগত  
শাদা পৃষ্ঠার সাথে আপনারও কী খুব সখ্য?  
কেন বিস্তীর্ণ বালুচরের সাথে আপনার গোপন দীর্ঘাস  
আপনি তো জানেন বালুচরে নাম লিখে  
নাম লিখে লিখে আমার গোপন প্রণয়োপাখ্যান  
কেন সস্তপনে ডেকে আনেন দ্বিধার অনল  
বিটোফেন মৃদু তন্দ্রায় আপনি আচ্ছন্ন  
আমি আলতো টোকা দিতেই  
ভেঙে গেল আপনার ধ্যান  
সুরের মূর্ছনায়  
উড়তে উড়তে ভাসতে ভাসতে  
চলে গেলাম আমরা তেপান্তরের নামহীন দেশে।  
আসুন, আমরা এই নামহীন দেশে  
শু করি চাষবাস। জানি,  
এমন প্রস্তাবে আপনি হাতে হাত ধরে বলবেন--  
তারচে' চলুন, কিছুক্ষণ পাশাপাশি হাঁটা যাক অনন্তের পথে...

শামীমুল হক শামীম

